রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জানুয়ারি ১৮, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/ ১৩ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১৫-আইন/২০২০।**—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০নং আইন) এর ধারা ৫২, ধারা ২৪ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

**প্রথম অধ্যায়**
**প্রারম্ভিক**

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"অধস্তন কর্মকর্তা"** অর্থ প্রধান ওয়ার্ডেনের অধীনস্ত ফরেস্ট রেঞ্জার, রেঞ্জ কর্মকর্তা, ওয়াইল্ডলাইফ রেঞ্জার, ওয়াইল্ডলাইফ সুপারভাইজার, বন্যপ্রাণী পরিদর্শক বা তদূর্ধ্ব কোনো বন কর্মকর্তা;

(২) **"আইন"** অর্থ বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ (২০১২ সনের ৩০নং আইন);


**মূল্য :** টাকা ৩০.০০

(৩) **"খামার"** অর্থ যে স্থানে কোনো প্রজাতির ১০ (দশ) টির অধিক পোষা পাখি বাণিজ্যিক উদ্দেশ্যে উৎপাদন ও লালন-পালন করা হয়;

(৪) **"খামারী"** অর্থ কোনো ব্যক্তি যিনি কোনো খামার পরিচালনা করেন;

(৫) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(৬) **"পজেশন সার্টিফিকেট"** অর্থ বিধি ৭ এ উল্লিখিত পজেশন সার্টিফিকেট;

(৭) **"পোষা পাখি"** অর্থ সেই সকল আবদ্ধ পাখি যাহা সাইটিস (CITES) Appendix II ও III ভুক্ত বা বহির্ভূত ও উহাদের মিউট্যান্টসমূহ যাহা আমদানি করা হইয়াছে এবং আন্তর্জাতিক বিধি-বিধানের আওতায় লালন-পালন, প্রজনন, ক্রয়-বিক্রয় ও রপ্তানি করা হয়;

(৮) **"পেট শপ"** অর্থ পোষা পাখির দোকান বা বিক্রয় কেন্দ্র যে স্থান হইতে শৌখিন পোষা পাখি লালন-পালনকারী এক বা একাধিক পোষা পাখি ক্রয় করেন;

(৯) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(১০) **"লাইসেন্স"** অর্থ বিধি ৫ এর অধীন ইস্যুকৃত লাইসেন্স;

(১১) **"লাইসেন্সিং কর্তৃপক্ষ"** অর্থ বিধি ৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(১২) **"লাইসেন্স ফি"** অর্থ এই বিধিমালার তফসিল ১ অনুসারে প্রদত্ত ফি; এবং

(১৩) **"শৌখিন পোষা পাখি লালন-পালনকারী"** অর্থ কোনো ব্যক্তি যিনি বাণিজ্যিক উদ্দেশ্যে পোষা পাখি লালন-পালন করেন না এবং যাহার নিকট কোনো প্রজাতির অনধিক ১০ (দশ) টি পাখি রহিয়াছে।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## লাইসেন্স, পজেশন সার্টিফিকেট, ইত্যাদি

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।**—এই বিধিমালার অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে প্রধান ওয়ার্ডেন বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা।

৪। **পেট শপ বা খামার স্থাপন বা পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন।**—(১) এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত কোনো খামারী পোষা পাখির উৎপাদন, লালন-পালন, খামার স্থাপন, ক্রয়-বিক্রয় বা আমদানি-রপ্তানি করিতে পারিবেন না বা কোনো পেট শপ পরিচালনাকারী পোষা পাখি ক্রয়-বিক্রয় করিতে পারিবেন না।

(২) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে কোনো ব্যক্তি পোষা পাখি লালন-পালন, খামার স্থাপন বা আমদানি-রপ্তানি অথবা পেট শপ পরিচালনা করিয়া থাকিলে, তাহাকে, এই বিধিমালা কার্যকর হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে এই বিধিমালার অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, খামারীকে বা, ক্ষেত্রমত, পেট শপ পরিচালনাকারীকে তফসিল-১ এ উল্লিখিত প্রসেস ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া যথাক্রমে "ফরম-ক"এবং "ফরম-খ" অনুযায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৩) এর অধীন আবেদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে তাহার অধস্তন কোনো কর্মকর্তাকে এতদ্বিষয়ে একটি প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেন।

(৫) উপ-বিধি (৪) এর অধীন নির্দেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অধস্তন কর্মকর্তা আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাই এবং পাখির সংখ্যা অনুযায়ী স্থান, খাঁচার আকৃতি ও লালন-পালনের উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা সরেজমিনে তদন্তপূর্বক উক্তরূপ প্রতিবেদন দাখিল করিবেন।

৫। **লাইসেন্স ইস্যু।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ বিধি ৪ এর উপ-বিধি (৫) এর অধীন প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক, যথাশীঘ্র সম্ভব, উহার উপর সিদ্ধান্ত গ্রহণ করত "ফরম-গ" বা, ক্ষেত্রমত, "ফরম ঘ" অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য, উপ-বিধি (২) এর অধীন লাইসেন্স ফি জমা প্রদান সাপেক্ষে, খামারী বা, ক্ষেত্রমত, পেট শপ পরিচালনাকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-১ এ উল্লিখিত লাইসেন্স ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য নির্দেশ প্রদান করিবে।

(৩) কোনো আবেদনকারীর আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন—

(ক) ইস্যুকৃত লাইসেন্সের অনুলিপি, যথাশীঘ্র সম্ভব, সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করিবে; এবং

(খ) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি ২ এর অধীন পেট শপের জন্য ইস্যুকৃত লাইসেন্সের অনুলিপি, যথাশীঘ্র সম্ভব, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের নিকট এবং সংশ্লিষ্ট থানায় প্রেরণ করিবেন।

(৫) বন অধিদপ্তরের মাধ্যমে লাইসেন্স গ্রহণের পর সাইটেস (CITES) ভুক্ত পোষা পাখি রপ্তানি ও পুনঃরপ্তানির পূর্বে খামারীকে অবশ্যই সাইটেস (CITES) সদর দপ্তর হইতে খামার রেজিস্ট্রেশন করাইতে হইবে।

৬। **লাইসেন্স নবায়ন।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত সকল লাইসেন্স নবায়নযোগ্য।

(২) লাইসেন্স নবায়নের জন্য উহার মেয়াদ শেষ হইবার অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে "ফরম-ঙ" বা, ক্ষেত্রমত, "ফরম-চ" অনুয়ায়ী আবেদন করিতে হইবে এবং ক্ষেত্র বিশেষে, আবেদনপত্রের সহিত পজেশন সার্টিফিকেটের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে তফসিল-১ এ উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(৪) নবায়নের জন্য আবেদনপত্র প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার অধস্তন কোনো কর্মকর্তা দ্বারা আবেদনে উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই এবং পাখির সংখ্যা অনুযায়ী স্থান, খাঁচার আকৃতি ও লালন-পালনের উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা পুনরায় সরেজমিনে তদন্ত সাপেক্ষে লাইসেন্স নবায়ন করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-১ এ উল্লিখিত লাইসেন্স নবায়ন ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য নির্দেশ প্রদান করিবে।

(৬) এই বিধির অধীন আবেদনপত্র নিষ্পত্তি না হওয়া পর্যন্ত পেট শপ পরিচালনাকারী এবং খামারী তাহার পোষা পাখি লালন-পালন ও খামারের কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন।

(৭) কোনো আবেদনকারীর লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৭। **পজেশন সার্টিফিকেট।**—(১) লাইসেন্স প্রাপ্তির পর কোনো খামারী পজেশন সার্টিফিকেট ব্যতীত পোষা পাখি নিজ মালিকানায় বা দখলে রাখিতে পারিবেন না।

(২) পজেশন সার্টিফিকেটের জন্য প্রত্যেক পোষা পাখির জন্য তফসিল-১ এ উল্লিখিত পজেশন ফি বাৎসরিক ভিত্তিতে সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া "ফরম-ছ" অনুয়ায়ী লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (২) এর অধীন আবেদন প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে "ফরম-জ" অনুযায়ী ১ (এক) বৎসর মেয়াদের জন্য পজেশন সার্টিফিকেট ইস্যু করিবে।

(৪) খামারীর বিক্রয় রশিদে খামারীর হালনাগাদ পজেশন সার্টিফিকেট নম্বর থাকিতে হইবে।

৮। **পজেশন সার্টিফিকেট নবায়ন।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত সকল পজেশন সার্টিফিকেট নবায়নযোগ্য।

(২) পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য উহার মেয়াদ শেষ হইবার অন্যূন ৩০ (ত্রিশ) দিন পূর্বে "ফরম-ঝ" অনুয়ায়ী আবেদন করিতে হইবে এবং আবেদনপত্রের সহিত লাইসেন্সের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এ যাহা কিছুই থাকুক না কেন, মেয়াদ শেষ হইবার পূর্বে লাইসেন্স নবায়ন করিতে ব্যর্থ হইলে তফসিল-১ এ উল্লিখিত সময়ের মধ্যে নির্ধারিত ফি প্রদানপূর্বক পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করা যাইবে।

(৪) নবায়নের জন্য আবেদনপত্র প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার অধস্তন কোনো কর্মকর্তা দ্বারা আবেদনে উল্লিখিত তথ্যের সঠিকতা যাচাই এবং পাখির সংখ্যা অনুযায়ী স্থান, খাঁচার আকৃতি ও লালন-পালনের উপযুক্ত পরিবেশ রহিয়াছে কিনা তাহা পুনরায় সরেজমিনে তদন্ত সাপেক্ষে পজেশন সার্টিফিকেট নবায়ন করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ পজেশন সার্টিফিকেট ইস্যু করিবার পূর্বে আবেদনকারীকে ৭ (সাত) দিনের মধ্যে তফসিল-১ এ উল্লিখিত লাইসেন্স নবায়ন ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদান করিবার জন্য নির্দেশ প্রদান করিবে।

(৬) এই বিধির অধীন আবেদনপত্র নিষ্পত্তি না হওয়া পর্যন্ত খামারী তাহার পোষা পাখি লালন-পালন ও খামারের কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন।

(৭) কোনো আবেদনকারীর পজেশন সার্টিফিকেট নবায়নের আবেদন নামঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ উহার কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

৯। **লাইসেন্স ও পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি ইস্যু।**—(১) কোনো পেট শপ পরিচালনাকারী বা খামারীর লাইসেন্স বা পজেশন সার্টিফিকেট হারাইয়া যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ছিঁড়িয়া যাইবার ক্ষেত্রে, উক্ত পেট শপ পরিচালনাকারী বা খামারী তফসিল-১ এ উল্লিখিত সংশ্লিষ্ট প্রতিলিপি ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোনো সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি সংযুক্ত করিয়া, উক্ত লাইসেন্স বা, ক্ষেত্রমত, পজেশন সার্টিফিকেটের প্রতিলিপির জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত আবেদনের সহিত লাইসেন্স বা পজেশন সার্টিফিকেট হারাইয়া যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া বা ছিঁড়িয়া যাইবার বিষয়ে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী করত উহার কপি সংযুক্ত করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ, উপ-বিধি (২) এ উল্লিখিত শর্ত প্রতিপালন সাপেক্ষে, লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি ইস্যু করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রদত্ত লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপি মূল লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের অবশিষ্ট মেয়াদ পর্যন্ত বলবৎ থাকিবে, যদি না উহা ইতিপূর্বে বাতিলকৃত হয়, এবং লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের প্রতিলিপিতে এই মর্মে পৃষ্ঠাঙ্কন থাকিবে যে, ইহা একটি প্রতিলিপি লাইসেন্স বা পজেশন সার্টিফিকেট।

## তৃতীয় অধ্যায়

## শৌখিনভাবে পোষা পাখি লালন-পালন ও খামার পরিচালনার শর্তাবলি এবং আমদানি-রপ্তানি, ইত্যাদি

**১০। শৌখিনভাবে পোষা পাখি লালন-পালন ও খামার পরিচালনার শর্তাবলি ।**—শৌখিনভাবে পোষা পাখি লালন-পালন ও খামার পরিচালনার জন্য নিম্নবর্ণিত শর্তাবলি প্রতিপালন করিতে হইবে, যথা :—

(ক) শৌখিনভাবে এবং খামারে পোষা পাখি লালন-পালনের ক্ষেত্রে প্রত্যেক পোষা পাখি প্রজাতির খাঁচার পরিমাপ তফসিল-২ অনুযায়ী নির্ধারণ করিতে হইবে;

(খ) খামারে প্রত্যেক পোষা পাখি প্রজাতির খাঁচার মধ্যে পর্যাপ্ত খাবার, খনিজ লবণ ও সুপেয় পানি সরবরাহের জন্য ভিন্ন ভিন্ন পাত্রের ব্যবস্থা থাকিতে হইবে এবং পর্যাপ্ত সুপেয় পানি ও সুষম খাদ্যের সরবরাহ নিশ্চিত করিতে হইবে;

(গ) খামারে প্রত্যেক পোষা পাখির এবং খামার কর্মীর স্বাস্থ্য সুরক্ষার জন্য নিয়মিত প্রতিষেধক টীকা নিশ্চিত করিতে হইবে;

(ঘ) খামারে পোষা পাখির বাচ্চা জন্মাইবার পর বাচ্চার পায়ে রিং পরাইবার পর রিং নাম্বারসহ লাইসেন্সিং কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে;

(ঙ) পোষা পাখি কোনো অবস্থাতেই প্রকৃতিতে অবমুক্ত করা যাইবে না;

(চ) মৃত পোষা পাখির দেহাবশেষ মাটি চাপা দিতে হইবে; এবং

(ছ) লাইসেন্স প্রাপ্ত খামারীগণ সংশ্লিষ্ট রেজিস্টার্ড ট্রেড এসোসিয়েশনের মাধ্যমে বৎসরে এক বা একাধিকবার পোষা পাখি প্রদর্শনী করিতে পারিবেন।

## চতুর্থ অধ্যায়
## পোষা পাখি আমদানি, রপ্তানি, ইত্যাদি

**১১। আমদানি-রপ্তানি সম্পর্কিত বিধিবিধান ।**—(১) সাইটিস (CITES) Appendix বর্হিভূত পোষা পাখি আমদানি বা রপ্তানির ক্ষেত্রে খামারী বা আমদানিকারককে বন অধিদপ্তরে অনাপত্তি পত্রের (No Objection Letter) জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে প্রধান ওয়ার্ডেনের অনুমোদনক্রমে, সরকার কর্তৃক নির্ধারিত রাজস্ব ও ভ্যাট আদায়পূর্বক অতিরিক্ত ওয়ার্ডেন অনাপত্তি পত্র জারি করিবেন।

(২) খামারীকে সাইটিস (CITES) Appendix I ভুক্ত পোষা পাখি আমদানি বা রপ্তানির ক্ষেত্রে বন অধিদপ্তর হইতে সাইটিস (CITES) পারমিট ও Appendix II ও III ভুক্ত পোষা পাখি আমদানির ক্ষেত্রে বন অধিদপ্তরে অনাপত্তি পত্রের (No Objection Letter) এবং রপ্তানির ক্ষেত্রে সাইটিস (CITES) পারমিট গ্রহণ করিতে হইবে।

(৩) আমদানির ক্ষেত্রে শুল্ক বন্দরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ভেটেরিনারী সার্জন কর্তৃক কোয়ারেন্টাইন সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে এবং রপ্তানির ক্ষেত্রে রেজিস্টার্ড ভেটেরিনারী সার্জন কর্তৃক স্বাস্থ্য সনদ গ্রহণ করিতে হইবে।

(৪) পোষা পাখি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকার মাধ্যমে আমদানি বা রপ্তানি বা পুনঃরপ্তানি করিতে হইবে।

(৫) আমদানির পর খামারীকে আমদানিকৃত সকল পাখির রিং নম্বর প্রদান করত লাইসেন্সিং কর্তৃপক্ষকে এই বিষয়ে যথাযথভাবে অবহিত করিতে হইবে।

(৬) আমদানি বা রপ্তানির ক্ষেত্রে, প্রত্যেক খামারীকে প্রধান ওয়ার্ডেনের নিকট হইতে অনুমোদন প্রাপ্তির পর তফসিল-৩ এ উল্লিখিত সংশ্লিষ্ট ফি সরকারি নির্দিষ্ট খাতে বাংলাদেশ ব্যাংক বা যে কোন সরকারি ট্রেজারীতে জমা প্রদানপূর্বক ট্রেজারী চালানের কপি অনাপত্তি পত্র (No Objection Letter) জারির পূর্বে বন অধিদপ্তরে অতিরিক্ত প্রধান ওয়ার্ডেনের নিকট জমা প্রদান করিতে হইবে।

## পঞ্চম অধ্যায়
## তথ্য সংরক্ষণ, প্রতিবেদন, রেজিস্টার সংরক্ষণ, ইত্যাদি

**১২। তথ্য সংরক্ষণ ও প্রতিবেদন।**—(১) প্রত্যেক খামারীকে পোষা পাখির সংখ্যা হ্রাস-বৃদ্ধি ও আমদানি-রপ্তানি সংক্রান্ত একটি রেজিস্টার "ফরম-ঞ" অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে।

(২) প্রত্যেক পেট শপ পরিচালনাকারীকে পোষা পাখি ক্রয়-বিক্রয় ও শপে জন্মগ্রহণকারী পাখির বাচ্চার হিসাব স্ব স্ব ক্ষেত্রে "ফরম-ট" অনুযায়ী একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন সংরক্ষিত রেজিস্টারের একটি অনুলিপি সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে পরবর্তী বৎসরের জানুয়ারি মাসের মধ্যে প্রেরণ করিবেন।

(৪) কোনো পাখি জন্মাইলে বা কোনো পাখির মৃত্যু ঘটিলে উক্তরূপ জন্মানো বা মৃত্যুর অনধিক ১০ (দশ) দিনের মধ্যে খামারী সংশ্লিষ্ট ওয়ার্ডেন অফিসে রেজিস্টার্ড ভেটেরিনারি সার্জন কর্তৃক ইস্যুকৃত জন্ম বা মৃত্যু সার্টিফিকেটসহ একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৫) সংশ্লিষ্ট ওয়ার্ডেন উপ-বিধি (৩) বা (৪) এর অধীন সংরক্ষিত রেজিস্টার বা প্রতিবেদন প্রাপ্তির পর একটি অনুলিপি সংরক্ষণ করত, যথাশীঘ্র সম্ভব, উহা প্রধান ওয়ার্ডেনের নিকট প্রেরণ করিবেন।

১৩। **রেজিস্টার সংরক্ষণ।**—এই বিধিমালার অধীন প্রত্যেক লাইসেন্স গ্রহীতাকে, আইনের ধারা ২৭ এর উদ্দেশ্য পূরণকল্পে, লাইসেন্স সংক্রান্ত তথ্যাদি একটি রেজিস্টারে “ফরম-ঠ” অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে এবং পরিদর্শনকারী কোনো কর্মকর্তাকে পরিদর্শনের সময় চাহিবামাত্র উহা প্রদর্শন করিতে হইবে।

## ষষ্ঠ অধ্যায়

## পরিদর্শন, লাইসেন্স স্থগিত বা বাতিল, পজেশন সার্টিফিকেট বাতিল, ইত্যাদি

১৪। **পরিদর্শন।**—(১) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ যে কোনো সময়, কোনো প্রকার অগ্রিম নোটিশ ব্যতিরেকে, পোষা পাখির খামার ও পেট শপ পরিদর্শন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোনো কর্মকর্তা পরিদর্শনকালে বিধি ১২ এর উপ-বিধি (১) ও (২) এবং বিধি ১৩ এর অধীন রক্ষিত রেজিস্টার দেখিতে এবং খামারী ও পেট শপ পরিচালনাকারীকে জিজ্ঞাসাবাদ করিতে বা কোনো তথ্য চাহিতে পারিবেন এবং তিনি উক্ত রেজিস্টার প্রদর্শন বা প্রশ্নের জবাব প্রদান বা তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।

(৩) পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তার নিকট যদি সন্তোষজনকভাবে প্রতীয়মান হয় যে, খামারী বা পেট শপ পরিচালনাকারী এই বিধিমালার কোনো বিধান বা লাইসেন্স বা পজেশন সার্টিফিকেটের কোনো শর্ত লঙ্ঘন করিয়াছেন, তাহা হইলে, তিনি নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিবার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষকে বিষয়টি লিখিতভাবে অবহিত করিবেন, যথা :—

(ক) পেট শপ পরিচালনাকারী ও খামারীর বিরূদ্ধে আইনের ধারা ২৫ এর অধীন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) খামারের ক্ষেত্রে পজেশন সার্টিফিকেট বাতিলকরণ; এবং

(গ) উক্ত খামারী বা পেট শপ পরিচালনাকারীর আয়ত্তে থাকা পোষা পাখিসমূহ জব্দকরণ।

১৫। **লাইসেন্স স্থগিত বা বাতিল।**—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে কোনো খামার এবং পেট শপ পরিচালনাকারী বরাবর ইস্যুকৃত লাইসেন্স বাতিল করিতে পারিবেন, যথা :—

(ক) বিধি ১০ ও ১২ তে উল্লিখিত শর্তাবলি লঙ্ঘন করিলে; বা

(খ) কোনো খামারী বা পেট শপ পরিচালনাকারী এই বিধিমালা ও আইনের অধীন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইলে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনো খামারী ও পেট শপ পরিচালনাকারী বিধি ৬ এ উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে তদ্‌বরাবরে ইস্যুকৃত লাইসেন্স মেয়াদান্তে স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিল করা হইলে বা উপ-বিধি (২) এর অধীন স্বয়ংক্রিয়ভাবে লাইসেন্স বাতিল হইবার পর কোনো খামারী বা পেট শপ পরিচালনাকারী তাহার কার্যক্রম অব্যাহত রাখিতে পারিবেন না।

(৪) কোনো খামারী বা পেট শপ পরিচালনাকারী উপ-বিধি (৩) এর বিধান লঙ্ঘন করিলে, তাহার ক্ষেত্রে বিধি ১৭ এর বিধান প্রযোজ্য হইবে।

১৬ । **পজেশন সার্টিফিকেট বাতিল ।**—কোনো খামারীর লাইসেন্স বাতিল করা হইলে তাহার পজেশন সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

## সপ্তম অধ্যায়
## বিবিধ

১৭। **দণ্ড।**—কোনো ব্যক্তি নিম্নবর্ণিত কোনো কাজ করিলে তজ্জন্য তিনি আইনের ধারা ৪০ এর অধীন দণ্ডিত হইবেন, যথা :—

(ক) বিধি ৫ এর অধীন লাইসেন্স গ্রহণ ব্যতীত খামার ও পেট শপ স্থাপন ও পরিচালনা;

(খ) বিধি ১৫ এর উপ-বিধি (১) ও (২) এর অধীন লাইসেন্স বাতিল হইবার পর বা বিধি ৬ এর অধীন লাইসেন্স নবায়ন ব্যতীত খামার ও পেট শপ পরিচালনা অব্যাহত রাখা;

(গ) বিধি ১৩ এর অধীন রেজিস্টার সংরক্ষণ বা উহা পরিদর্শনকারী কোনো কর্মকর্তাকে প্রদর্শন না করা।

১৮। **আপিল।**—(১) বিধি ৫ এর উপ-বিধি (৩), বিধি ৬ এর উপ-বিধি (৭) এবং বিধি ১৪, ১৫ ও ১৬ এর অধীন প্রদত্ত কোন আদেশ বা সিদ্ধান্ত দ্বারা কোন খামারী বা পেট শপ পরিচালনাকারী সংক্ষুব্ধ হইলে উক্ত আদেশ বা সিদ্ধান্তের বিরুদ্ধে আদেশ বা সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপিল করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) অনুযায়ী দায়েরকৃত আপিল উহা দায়েরের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করিতে হইবে এবং আপিলে প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

## তফসিল-১

*[বিধি ৪(৩), ৫(২), ৬(৩), ৬(৫), ৭(২) ও ৯(১) দ্রষ্টব্য]*

## লাইসেন্স, লাইসেন্স নবায়ন, প্রসেস ও পজেশন সার্টিফিকেট ফি

| ক্রমিক নং | বণ্য প্রাণীর নাম | লালন-পালনকারীর প্রকৃতি | লাইসেন্স ফি | লাইসেন্স নবায়ন ফি | প্রসেস ফি | পজেশন ফি (বাৎসরিক) | প্রতিলিপি ফি | | পজেশন সার্টিফিকেট নবায়ন ফি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | লাইসেন্স | পজেশন সার্টিফিকেট | |
| (১) | (২) | (৩) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ১। | পোষা পাখি | খামারী | ১০,০০০ (দশ হাজার) টাকা | (ক) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ২৫ (পঁচিশ) ভাগ;<br>(খ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ; এবং<br>(গ) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: লাইসেন্স ফি এর শতকরা ৮০ (আশি) ভাগ | ২,০০০ (দুই হাজার) টাকা | ২,০০০ (দুই হাজার) টাকা | ১,০০০ (এক হাজার) টাকা | ১,০০০ (এক হাজার) টাকা | (ক) পজেশন সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বে আবেদনের ক্ষেত্রে: পজেশন সার্টিফিকেট ফি এর শতকরা ২৫ (পঁচিশ) ভাগ;<br>(খ) পজেশন সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ হইবার ৬০ (ষাট) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: পজেশন সার্টিফিকেট ফি এর শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ; এবং<br>(গ) পজেশন সার্টিফিকেটের মেয়াদ উত্তীর্ণ হইবার ৯০ (নব্বই) দিনের মধ্যে আবেদনের ক্ষেত্রে: পজেশন সার্টিফিকেট ফি এর শতকরা ৮০ (আশি) ভাগ |
| | | পেট শপ | ৫০০ (পাঁচশত) টাকা | | ৫০০ (পাঁচশত) টাকা | | ৫০০ (পাঁচশত) টাকা | | |

**তফসিল-২**

*[বিধি ১০ (১) দ্রষ্টব্য]*

**খাঁচার ধরন**

| শৌখিনভাবে লালন-পালনের ক্ষেত্রে | | | | | খামারের ক্ষেত্রে | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পাখির আকার (আনুমানিক দৈর্ঘ্য) | মেঝের সর্বনিম্ন আয়তন (বর্গ সে.মি.) | পাখির সংখ্যা | খাঁচার সর্বনিম্ন উচ্চতা (সে.মি.) | মেঝের বর্ধিত আয়তন (প্রত্যেক অতিরিক্ত পাখির ক্ষেত্রে) (বর্গ সে.মি.) | পাখির আকার (আনুমানিক দৈর্ঘ্য) | মেঝের সর্বনিম্ন আয়তন (বর্গ সে.মি.) | পাখির সংখ্যা | খাঁচার সর্বনিম্ন উচ্চতা (সে.মি.) | মেঝের বর্ধিত আয়তন (প্রত্যেক অতিরিক্ত পাখির ক্ষেত্রে) (বর্গ সে.মি.) |
| ১০ সে.মি. | ১,০০০ | ২ | ৩৪ | ৫০০ | ১০ সে.মি. | ৩,৭০০ | ২ | ৬০ | ১,৮০০ |
| ২০ সে.মি. | ১,৬০০ | ২ | ৩৪ | ৮০০ | ২০ সে.মি. | ৭,২০০ | ২ | ৬০ | ৩,৬০০ |
| ৩০ সে.মি. | ৫,০০০ | ২ | ৯০ | ২, ৫০০ | ৩০ সে.মি. | ১০,০০০ | ২ | ৯০ | ৫,০০০ |
| ৪০ সে.মি. | ১০,০০০ | ২ | ৯০ | ৫,০০০ | ৪০ সে.মি. | ১৫,০০০ | ২ | ৯০ | ৭,৫০০ |
| ৫০ সে.মি. | ১৫,০০০ | ২ | ১৫০ | ৭,৫০০ | ৫০ সে.মি. | ২৫,০০০ | ২ | ১৫০ | ১২,৫০০ |

**তফসিল-৩**

*[বিধি ১১ (৬) দ্রষ্টব্য]*

**আমদানি ও রপ্তানি ফি**

| নাম | আমদানি ফি (প্রতি পাখি) | রপ্তানি ফি (প্রতি পাখি) |
|---|---|---|
| CITES Appendix ভুক্ত | ১৫০ টাকা | ৪০০ টাকা |
| CITES Appendix বহির্ভূত | ২০ টাকা | ৪০ টাকা |

**ফরম-ক**

*[বিধি ৪(৩) দ্রষ্টব্য]*

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
সত্যায়িত ছবি
৩ কপি

**পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্সের আবেদন পত্র**

১। আবেদনকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নম্বর :

২। পূর্ণ ঠিকানা-
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। লাইসেন্সের প্রসেস ফি হিসাবে
জমাকৃত অর্থের চালান নং :

৪। পোষা পাখি লালন-পালনের জায়গার অবস্থান -
(ক) দাগ নং: (খ) মৌজা:
(গ) খতিয়ান নং: (ঘ) গ্রামের নাম:
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন:
(ছ) উপজেলা: (জ) জেলা:
(ঝ) জমির পরিমাণ (শতাংশ) :

৫। খামার স্থাপন/পরিচালনার উদ্দেশ্য
(প্রজেক্ট প্রোফাইল) :

৬। খামারে কর্মরত জনবলের সংখ্যা :

৭। খামারের বিদ্যমান সুবিধাদি ও ব্যবস্থাপনা :

৮। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্সের প্রতিলিপি :

## অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,—

(১) "পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯" এর সকল বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;

(২) আমার বরাবরে ইস্যুকৃত লাইসেন্সে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: ......................খ্রিঃ

(..................)
আবেদনকারীর স্বাক্ষর

## তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—

(১) ........................................................................;

(২) ........................................................................;

(৩) ........................................................................।

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

**সংযুক্তি:**

১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

২। ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ;

৩। লাইসেন্সের জন্য প্রসেস ফি হিসাবে জমাকৃত ব্যাংক বা ট্রেজারী চালানের কপি ;

৪। ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি ;

৫। TIN সার্টিফিকেটের সত্যায়িত কপি;

৬। ভূমির মালিকানা/ ইজারা সংক্রান্ত কাগজাদি; এবং

৭। প্রয়োজনীয় অন্যান্য কাগজাদি (যদি থাকে)।

**ফরম-খ**
[বিধি ৪(৩) *দ্রষ্টব্য*]

আবেদনকারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৩ কপি

**পেট শপ পরিচালনার জন্য লাইসেন্সের আবেদন পত্র।**

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম (বাংলায়) | : |
| | (ইংরেজিতে) | : |
| | পিতা/স্বামীর নাম (বাংলায়) | : |
| | (ইংরেজিতে) | : |
| | মাতার নাম (বাংলায়) | : |
| | (ইংরেজিতে) | : |
| | জন্ম তারিখ | : |
| | পেশা | : |
| | জাতীয়তা | : |
| | জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং | : |
| | মোবাইল ফোন নম্বর | : |
| | কর সনাক্তকরণ (TIN) নম্বর | : |
| ২। | পূর্ণ ঠিকানা- | |
| | (ক) স্থায়ী | : |
| | (খ) বর্তমান | : |
| ৩। | আবেদনকৃত পেট শপের বিস্তারিত বিবরণ ও ঠিকানা | : |
| ৪। | লাইসেন্সের প্রসেস ফি হিসাবে জমাকৃত অর্থের চালান এর বিবরণ | : |
| ৫। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স নং | : |

**অঙ্গীকারনামা**

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে—

(১) "পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯" এর সকল বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;

(২) আমার বরাবরে ইস্যুকৃত লাইসেন্সে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব। উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: ...................... খ্রিঃ

(..................)
আবেদনকারীর স্বাক্ষর

**তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন**

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—

(১) ................................................................;

(২) ................................................................;

(৩) ................................................................।

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

**সংযুক্তি:**

১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

২। ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি;

৩। লাইসেন্সের জন্য প্রসেস ফি হিসাবে জমাকৃত ব্যাংক বা ট্রেজারী চালানের কপি;

৪। পেট শপ পরিচালনাকারীর ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি ; এবং

৫। প্রয়োজনীয় কাগজাদি (যদি থাকে)।

**ফরম-গ**

*[বিধি ৫(১) দ্রষ্টব্য]*

| |
|---|
| লাইসেন্স নং: |
| ইস্যুর তারিখ: |
| লাইসেন্সের মেয়াদ: |
| উত্তীর্ণের তারিখ: |

**পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স**

১। খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। পোষা পাখি লালন-পালনের জায়গার অবস্থান—
(ক) দাগ নং: (খ) মৌজা:
(গ) খতিয়ান নং: (ঘ) গ্রামের নাম:
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন:
(ছ) উপজেলা: (জ) জেলা:
(ঝ) জায়গার পরিমাণ:

৪। লাইসেন্স ইস্যুর তারিখ:

লাইসেন্সিং কর্তৃপক্ষের—
স্বাক্ষর:
নাম:
পদবি:
সীল:

**খামার পরিচালনার শর্তাবলি:**

১। খামারীকে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

৩। লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে বা, ক্ষেত্রমত, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৬০ (ষাট) দিন বা, ক্ষেত্রমত, ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। আইন বা এই বিধিমালার পরিপন্থী কোনো কার্যের জন্য খামারীর বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে

কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিবরণ:**

| ক্রমিক নং | নবায়নের তারিখ | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ......................... | ......................... |
| ২। | ......................... | ......................... |
| ৩। | ......................... | ......................... |

| |
|---|
| লাইসেন্স নং:<br>ইস্যুর তারিখ:<br>লাইসেন্সের মেয়াদ:<br>উত্তীর্ণের তারিখ: |

**ফরম-ঘ**

*[বিধি ৫(১) দ্রষ্টব্য]*

**পেট শপ পরিচালনার জন্য লাইসেন্স**

১। পেট শপ পরিচালনাকারীর নাম (বাংলায়) :

(ইংরেজিতে) :

পিতা/স্বামীর নাম (বাংলায়) :

(ইংরেজিতে) :

মাতার নাম (বাংলায়) :

(ইংরেজিতে) :

জন্ম তারিখ :

পেশা :

জাতীয়তা :

জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :

মোবাইল ফোন নম্বর :

কর সনাক্তকরণ (TIN) নং :

২। পূর্ণ ঠিকানা—

(ক) স্থায়ী :

(খ) বর্তমান :

৩। আবেদনকৃত পেট শপের বিস্তারিত বিবরণ ও ঠিকানা :

৪। লাইসেন্স ইস্যুর তারিখ:

লাইসেন্সিং কর্তৃপক্ষের—

স্বাক্ষর :

নাম :

পদবি :

সীল :

**পেট শপ পরিচালনার শর্তাবলি:**

১। পেট শপ পরিচালনাকারীকে লাইসেন্সের হালনাগাদকৃত তথ্য সংরক্ষণ করিতে হইবে।

২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

৩। লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পূর্বে বা, ক্ষেত্রমত, লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৬০ (ষাট) দিন বা, ক্ষেত্রমত, ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং উক্ত সময়সীমা অতিক্রান্ত হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। আইন বা এই বিধিমালার পরিপন্থী কোনো কার্যের জন্য খামারীর বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**লাইসেন্স নবায়ন সংক্রান্ত বিবরণ:**

| ক্রমিক নং | নবায়নের তারিখ | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | .......................... | .......................... |
| ২। | .......................... | .......................... |
| ৩। | .......................... | .......................... |

**ফরম-ঙ**

*[বিধি ৬(২) দ্রষ্টব্য]*

**খামারীর জন্য ইস্যুকৃত লাইসেন্সের নবায়নের আবেদন**

১। আবেদনকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :
পেশা :
জাতীয়তা :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। পোষা পাখি লালন-পালনের জায়গার অবস্থান—

(ক) দাগ নং: (খ) মৌজা:
(গ) খতিয়ান নং: (ঘ) পরিমাণ (শতাংশ):
(ঙ) গ্রামের নাম: (চ) রাস্তার নাম:
(ছ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন: (জ) উপজেলার নাম:
(ঝ) জেলা:

৪। মূল আবেদনে উল্লিখিত স্থানের পরিবর্তন হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে উহার কারণ:

৫। খামারের বিরুদ্ধে কোনো মামলা দায়ের বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা:

৬। খামারের বিরুদ্ধে কোনো বিরূপ পরিদর্শন প্রতিবেদন রহিয়াছে কিনা:

৭। খামারের মালিকানার পরিবর্তন হইয়াছে কিনা:

৮। লাইসেন্স—

(ক) ইস্যুর তারিখ:

(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:

(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

৯। পজেশন সার্টিফিকেট—

(ক) ইস্যুর তারিখ:

(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:

(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

**সংযুক্তি:**

১। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

২। পজেশন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি।

৩। নবায়ন ফি জমার চালান রশিদ।

<u>সত্য পাঠ</u>

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ: ....................খ্রিঃ

<u>তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন</u>

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—

(১) ......................................................;

(২) ......................................................;

(৩) ......................................................।

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স নবায়ন করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :<br>
তারিখ :<br>
পদবি :<br>
সীল :

**ফরম-চ**
[বিধি ৬(২) দ্রষ্টব্য]

| |
|---|
| লাইসেন্স নং:<br>ইস্যুর তারিখ:<br>মেয়াদ উত্তীর্ণের তারিখ: |

**পেট শপ পরিচালনার জন্য ইস্যুকৃত লাইসেন্স নবায়নের আবেদন**

১। পেট শপ পরিচালনাকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। নবায়ন ফি হিসাবে জমাকৃত চালান বা রসিদ নম্বর :

৪। মূল আবেদনে উল্লিখিত স্থানের পরিবর্তন হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে উহার কারণ :

৫। পেট শপের বিরুদ্ধে কোনো মামলা দায়ের বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা :

৬। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি :
(ক) ইস্যুর তারিখ:
(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:
(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

**সংযুক্তি:**

১। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

**সত্য পাঠ**

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: ......................খ্রিঃ আবেদনকারীর স্বাক্ষর

**তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন**

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—

(১) ..........................................................................;

(২) ..........................................................................;

(৩) ..........................................................................।

অতএব, আবেদনকারী বরাবর লাইসেন্স নবায়ন করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

| আবেদনকারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ৩ কপি |
|---|

**ফরম-ছ**

*[বিধি ৭(২) দ্রষ্টব্য]*

**পজেশন সার্টিফিকেটের জন্য আবেদন পত্র**

১। খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নম্বর :

২। পজেশন ফি জমার—
(ক) চালান নম্বর :
(খ) তারিখ :
(গ) ব্যাংক/ট্রেজারির নাম :

৩। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৪। পোষা পাখি লালন-পালনের জায়গার অবস্থান—
(ক) দাগ নং (খ) মৌজা :
(গ) খতিয়ান নং (ঘ) গ্রামের নাম :
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন :
(ছ) উপজেলা: (জ) জেলা :
(ঝ) জমির পরিমাণ (শতাংশ):

৫। পোষা পাখির সংখ্যা :

৬। লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)—
(ক) ইস্যুর তারিখ :
(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ :
(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম :

## অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে—

(১) "পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯" এর সকল বিধানাবলি মানিয়া চলিতে বাধ্য থাকিব;

(২) আমার বরাবরে ইস্যুকৃত পজেশন সার্টিফিকেটে উল্লিখিত শর্তাদি মানিয়া চলিতে বাধ্য থাকিব ।

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

তারিখ: .....................খ্রি: (..................)

আবেদনকারীর স্বাক্ষর

## তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা:-

(১) ......................................................................;

(২) ......................................................................;

(৩) ......................................................................।

অতএব, আবেদনকারী বরাবর পজেশন সার্টিফিকেট ইস্যু করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

**সংযুক্তি:**

১। ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

২। খামারের জন্য প্রস্তাবিত ভূমির নকশাসহ মালিকানা/ইজারা সংক্রান্ত কাগজাদি বা, ক্ষেত্রমত, পোষা পাখি লালন-পালনের লাইসেন্সের অনুলিপি;

৩। ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি ; এবং

৪। TIN সার্টিফিকেটের সত্যায়িত কপি।

**ফরম-জ**

*[বিধি ৭(৩) দ্রষ্টব্য]*

**পজেশন সার্টিফিকেট**

১। খামারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
পেশা :
জাতীয়তা :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। পোষা পাখি লালন-পালনের জায়গার অবস্থান—
(ক) দাগ নং (খ) মৌজা:
(গ) খতিয়ান নং (ঘ) গ্রামের নাম:
(ঙ) রাস্তার নাম: (চ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন:
(ছ) উপজেলা: (জ) জেলা:
(ঝ) জায়গার পরিমাণ:

৪। পজেশন সার্টিফিকেট ইস্যুর তারিখ :

লাইসেন্সিং কর্তৃপক্ষের—
স্বাক্ষর:
নাম:
পদবি:
সীল:

**পোষা পাখি লালন-পালন ও খামার পরিচালনার শর্তাবলি:**

১। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বা লাইসেন্সিং কর্তৃপক্ষ, অগ্রিম নোটিশ ব্যতিরেকে, যে কোনো সময় খামার বা পোষা পাখি লালন-পালনের স্থান পরিদর্শন করিলে তাহাকে পূর্ণ সহযোগিতা প্রদান করিতে হইবে।

২। পজেশন সার্টিফিকেটের মেয়াদ শেষ হইবার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে পরবর্তী বৎসরের পজেশন ফি জমা প্রদানপূর্বক পজেশন সার্টিফিকেট নবায়নের জন্য আবেদন করিতে হইবে এবং সময়সীমা অতিক্রম হইয়া গেলে পজেশন সার্টিফিকেট স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

৩। আইন বা এই বিধিমালার পরিপন্থি কোনো কার্যের জন্য পজেশন সার্টিফিকেট গ্রহীতার বিরুদ্ধে আইন ও বিধির অধীন যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

পজেশন সার্টিফিকেট নবায়ন সংক্রান্ত বিবরণ:

| ক্রমিক নং | নবায়নের তারিখ | নবায়নকারী কর্মকর্তার স্বাক্ষর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | .......................... | .......................... |
| ২। | .......................... | .......................... |
| ৩। | .......................... | .......................... |

**ফরম-ঝ**

*[বিধি ৮(২) দ্রষ্টব্য]*

**খামারীর জন্য ইস্যুকৃত পজেশন সার্টিফিকেট নবায়নের আবেদন**

১। আবেদনকারীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
পিতা/স্বামীর নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
মাতার নাম (বাংলায়) :
(ইংরেজিতে) :
জন্ম তারিখ :
জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নং :
মোবাইল ফোন নম্বর :
কর সনাক্তকরণ (TIN) নং :
পেশা :
জাতীয়তা :

২। পূর্ণ ঠিকানা—
(ক) স্থায়ী :
(খ) বর্তমান :

৩। পোষা পাখি লালন-পালনের জায়গার অবস্থান—

(ক) দাগ নং (খ) মৌজা:
(গ) খতিয়ান নং (ঘ) পরিমাণ (শতাংশ):
(ঙ) গ্রামের নাম: (চ) রাস্তার নাম:
(ছ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন: (জ) উপজেলার নাম:
(ঝ) জেলা:

৪। মূল আবেদনে উল্লিখিত স্থানের পরিবর্তন হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে উহার কারণ:

৫। খামারের বিরুদ্ধে কোনো মামলা দায়ের বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা:

৬। খামারের বিরুদ্ধে কোনো বিরূপ পরিদর্শন প্রতিবেদন রহিয়াছে কিনা:

৭। খামারের মালিকানার পরিবর্তন হইয়াছে কিনা:

৮। লাইসেন্স—

(ক) ইস্যুর তারিখ:

(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:

(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

৯। পজেশন সার্টিফিকেট—

(ক) ইস্যুর তারিখ:

(খ) মেয়াদ উত্তীর্ণের তারিখ:

(গ) ইস্যুকারী কর্তৃপক্ষের নাম:

**সংযুক্তি:**

১। মূল লাইসেন্সের সত্যায়িত অনুলিপি।

২। পজেশন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি।

৩। নবায়ন ফি জমার চালান রসিদ।

## সত্য পাঠ

উপরে বর্ণিত তথ্যাদি ও কাগজাদি সঠিক। আমি কোনো মিথ্যা তথ্য দাখিল করি নাই। পরবর্তীতে কোনো তথ্য মিথ্যা বা কাগজাদি সঠিক নহে বলিয়া প্রমাণিত হইলে আমার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ: .....................খ্রিঃ

## তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন

আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই এবং সরেজমিনে তদন্ত করিয়া আবেদনপত্রে বর্ণিত—

(ক) বিষয়সমূহ ও অন্যান্য তথ্যাদি সঠিক পাওয়া গিয়াছে;

(খ) নিম্নবর্ণিত বিষয়সমূহ বা তথ্যাদি সঠিক পাওয়া যায় নাই, যথা :—

(১) ..................................................................;

(২) ..................................................................;

(৩) ..................................................................।

অতএব, আবেদনকারী বরাবর পজেশন সার্টিফিকেট নবায়ন করিবার জন্য সুপারিশ করা হইল/হইল না।

স্বাক্ষর :

তারিখ :

পদবি :

সীল :

**ফরম-ঞ**

*[বিধি ১২(১) দ্রষ্টব্য]*

বই নং......................................
লাইসেন্স নং...............................
লাইসেন্স প্রদান/নবায়নের তারিখ......

**খামারীর পোষা পাখি ক্রয়-বিক্রয়, অথবা জন্মগ্রহণকারী পাখির ষান্মাষিক হিসাব**

(মাসের নাম..............................)

খামারীর নাম:.......................................................................................

খামারের অবস্থান:..................................................................................

পিতা/স্বামীর নাম: ................................................................................

মাতার নাম: ..........................................................................................

ঠিকানা: ................................................................................................

| ক্রমিক নং | পোষা পাখির প্রজাতির নাম | বর্তমান মাসের জের | ক্রয় - বিক্রয় (সংখ্যা) | আমদানি, রপ্তানি ও পুনঃরপ্তানি (সংখ্যা) | ষান্মাসান্তে অবশিষ্ট | জন্মগ্রহণকারী পাখির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| | | | | | | |

স্বাক্ষর:
তারিখ :

**ফরম-ট**

*[বিধি ১২(২) দ্রষ্টব্য]*

| |
|---|
| বই নং........................................... |
| লাইসেন্স নং..................................... |
| লাইসেন্স প্রদান/নবায়নের তারিখ............ |

**পেট শপে পোষা পাখি ক্রয়, বিক্রয়, অথবা জন্মগ্রহণকারী পাখির ষান্মাষিক হিসাব**

(মাসের নাম..............................................................)

পেট শপ পরিচালনাকারীর নাম:........................................................................

পেট শপের ঠিকানা:.........................................................................................

| ক্রমিক নং | পোষা পাখির প্রজাতির নাম | বর্তমান মাসের জের | ক্রয় (সংখ্যা) | বিক্রয় (সংখ্যা) | ষান্মাসান্তে অবশিষ্ট | জন্মগ্রহণকারী পাখির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| | | | | | | |

স্বাক্ষর :

তারিখ :

**ফরম-ঠ**

*[বিধি ১৩ দ্রষ্টব্য]*

**লাইসেন্স সংক্রান্ত তথ্যাবলি**

১। খামার/পেট শপের অবস্থান:
...........................................................................................................

২। খামারী/ পেট শপ পরিচালনাকারীর
নাম:.......................................................................................................

৩। পিতা/স্বামীর নাম:.....................................................................................

৪। মাতার নাম:...............................................................................................

৫। ঠিকানা:.......................................................................................................

৬। লাইসেন্স নং.................................................................................................

৭। লাইসেন্স ইস্যুর তারিখ:.................................................................................

৮। লাইসেন্সিং কর্তৃপক্ষের নাম:

৯। লাইসেন্স নবায়নের তারিখ:............................................................................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd